# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বিদায়ি তাওয়াফ

মক্কা ত্যাগের পূর্বে বিদায়ি তাওয়াফ (طواف الوداع) আদায় করে নেবেন। রাসূলুল্লাহ (ﷺ)বিদায়ি তাওয়াফ আদায় করেছেন ও বলেছেন, বায়তুল্লাহর সাথে শেষ সাক্ষাৎ না করে তোমাদের কেউ যেন না যায়।[1] অন্য এক বর্ণনা অনুসারে, রাসূলুল্লাহ (ﷺ)ইবনে আব্বাস (রাঃ) কে বললেন, লোকদেরকে বলো, তাদের শেষ কর্ম যেন হয় বায়তুল্লাহর সাথে সাক্ষাৎ, তবে তিনি মাসিক স্রাব-গ্রস্ত নারীর জন্য ছাড় দিয়েছেন।[2]

## ফুটনোট

[1] ـ لا ينفرن أحد حتى يكون آخر عهده بالبيت (মুসলিম : হাদিস নং ২৩৫০)

[2] ـ أمر الناس أن يكون آخر عهدهم بالبيت ، إلا أنه خفف عن المرأة الحائض (মুসলিম : হাদিস নং ২৩৫১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন